ইত্তেফাক

তারিখ ... 28.6.83 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

018

## বেসরকারী স্কুল শিক্ষকদের ভাতা প্রসঙ্গে

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা মহাপরিচালকের দফতর কর্তৃক বেসরকারী স্কুল শিক্ষকদের বেতনে সরকারী সাহায্যের চলতি অর্থ বৎসরের চতুর্থ কিস্তির অর্থ প্রদানে বৈষম্য সম্পর্কে কয়েকটি দৈনিকে যে সকল রিপোর্ট প্রকাশিত হইয়াছে উহার প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে।

এই পরিস্থিতিতে সরকার এ ব্যাপারে সঠিক চিত্র তুলিয়া ধরা প্রয়োজন বলিয়া মনে করেন:

(১) ১৯৮২-৮৩ অর্থ বৎসর হইতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের বেতনে সরকারী সাহায্যের অর্থ স্থানীয় ব্যাংকগুলির মাধ্যমে প্রদানের ব্যবস্থা সরকার চালু করেন। সরকার সিদ্ধান্ত নেন যে, শিক্ষকদের বেতনে সরকারী সাহায্যের চতুর্থ কিস্তির অর্থ প্রদান করা হইবে তৃতীয় কিস্তির বিল অনুযায়ী। এই অর্থ দেওয়া হইবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে।

২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা মহাপরিচালকের অফিস হইতে কয়েকদিন আগে ইস্যু করা চতুর্থ কিস্তি প্রদানের নির্দেশের সঙ্গে অমিল থাকিলে কোন বিল বাতিল না করার জন্য ব্যাংকগুলিকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়।

(৩) সকল বেসরকারী প্রতিষ্ঠানকে তাহাদের সংশ্লিষ্ট ব্যাংক শাখায় শিক্ষকদের বেতনে সরকারী সাহায্য মহার্ঘভাতাও অন্যান্য আনুষঙ্গিক অনুদানের অর্থ লইতে যোগাযোগের জন্য অনুরোধ করা হইতেছে। উল্লেখ্য, গত অর্থ বৎসরের বকেয়া পরিশোধের জন্য সরকার ব্যাংকগুলিতে প্রায় ১ কোটি টাকা জমা দিয়াছেন। ১৯৮৩ সালের ১০ই জুলাই-এর মধ্যে শিক্ষকদের বকেয়া পরিশোধের পর সরকারের নিকট রিপোর্ট করার জন্য সকল ব্যাঙ্ককে নির্দেশ দেওয়া হইয়াছে। খবর তথ্য বিবরণীর।